



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং: বশিবো/জেএসসি/২০২১/৪০৬

তারিখ: ০৬ ডিসেম্বর, ২০২১

সংশোধিত

বিষয় : ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি।

উপরিউক্ত বিষয়ে জানাচ্ছি যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ: ০৪.১১.২০২১ এর শ্রেণিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলে ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের জন্য ১১.১২.২০২১ তারিখ থেকে ২০.১২.২০২১ তারিখের মধ্যে অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম পূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (www.barisalboard.gov.bd) এ দেয়া আছে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১১.১২.২০২১ থেকে ২০.১২.২০২১ তারিখের মধ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eSIF) সম্পন্ন করতে হবে।

ক) প্রতিষ্ঠানসমূহকে বরিশাল বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে ডানপাশে panel link এর নিচে জেএসসি ২০২১ (eFF panel) এ ক্লিক করে EIDN ও password (জেএসসি ২০২১ রেজিস্ট্রেশনের ব্যবহৃত password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং print করে হার্ডকপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে শিক্ষার্থী select করতে হবে।

খ) উক্ত হার্ড কপি Probable list এ টিক চিহ্নিত শিক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে select করতে হবে।

গ) Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে সংরক্ষণ করবেন।

ঘ) প্রতিটি ছাত্র-ছাত্রীকে প্রতিষ্ঠান কর্তৃক টিক দিয়ে Submit বাটন এ ক্লিক করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পন্ন হবে না।

২. ফরম পূরণ করতে কোনো 'ফি' প্রয়োজন হবে না।

৩. ফরমপূরণে ব্যর্থ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

অরুন কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২৪৭৮৮৬৪৩৭০ (অফিস)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

প্রাপক,

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল প্রধান শিক্ষক/অধ্যক্ষ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. বরিশাল শিক্ষাবোর্ডের সকল কর্মকর্তা
৪. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
৬. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
৭. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
৮. সংরক্ষণ